



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।



মুজিব
সত্ত্ব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

তারিখ : ১৪-০৩-২০২১ ইং, রবিবার।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাওবি)- এর Annual Performance Agreement টিমের ৫ম সভা (ভার্চুয়াল) Zoom এর মাধ্যমে ১৪.০৩.২০২১ তারিখ রাত ৮.৩০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

- ১। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য এপিএ টিম, বাওবি।
- ২। জনাব মো: হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য, এপিএ টিম, বাওবি।
- ৩। ড. এইচএম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাওবি।
- ৪। জনাব মো: মাহবুব-উল- ইসলাম, যুগ্ম পরিচালক (পার্সোনেল-১, কর্মকর্তা) প্রশাসন বিভাগ ও সদস্য এপিএ টিম, বাওবি।
- ৫। এম এস নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বাওবি।
- ৬। এম এস মমতাজ বেগম, উপ-পরিচালক (মনিটরিং), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাওবি।

সভার শুরুতে মাননীয় সভাপতি ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাওবি, নবগঠিত এপিএ টিমের সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। টিম-লিডার, এপিএ টিম, সকল সদস্যগণকে এপিএ- এর প্রেক্ষাপট, উদ্দেশ্য, মন্ত্রীপরিষদের নির্দেশনা, এপিএ টিমের দায়িত্ব সম্পর্কে অবগত করেন এবং সকল সদস্যদের সক্রিয় সহযোগিতা কামনা করেন। সকল সদস্যবৃন্দ এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জন, তথ্য সংগ্রহ এবং অন্যান্য সকল বিষয়ে সর্বাত্মক সহযোগিতা প্রদানের বিষয়ে একমত পোষণ করেন।

এপিএ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ যেমন : শুন্দাচার/উন্নত চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনদের অবহিতকরণ, তথ্যবাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ, ডিজিটাল সেবা চালুকরণ, সেবা সহজিকরণ, কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনাতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত-০১ : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এ দাখিলকৃত ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য শুন্দাচার/উন্নত চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় করার লক্ষ্যে মার্চ মাসের মধ্যে মতবিনিময় সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০২ : তথ্যবাতায়ন হালনাগাদ করে বাওবির সাম্প্রতিক অর্জন, বিভিন্ন কর্মসূচি, প্রশিক্ষণ এবং বিভিন্ন দিবস উদ্যাপনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাদি (ছবিসহ) সন্নিবেশ করা বিষয়ে কার্যকর ব্যবস্থাপ্রয়োগ, ‘গবেষণা কর্ণার’ ও ‘বাওবির এপিএ-এর কার্যক্রম’ এর তথ্যাদি বাওবির ওয়েব সাইটে সন্নিবেশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বাওবির কম্পিউটার বিভাগকে জরুরী পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ এবং সদস্য এপিএ টিম- কে এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য কম্পিউটার বিভাগে প্রেরণ এবং বিষয়টি তদারকির জন্য দায়িত্ব প্রদান করা হয়।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।



সিদ্ধান্ত-০৩ : এপিএ বাস্তবায়নের প্রগোদনা প্রদানের নিমিত্তে বিভিন্ন ক্রাইটেরিয়া, কোন কোন পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে কী কী বিষয় বিবেচনা করে প্রগোদনা প্রদান করা যেতে পারে এ বিষয়ে একটি গাইড লাইন প্রস্তুত করার লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:

- | | |
|---|---------|
| ১. জনাব মো: হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য এপিএ টিম, বাটুবি | আহবায়ক |
| ২. জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য এপিএ টিম, বাটুবি। | সদস্য |
| ৩. ড. এএইচএম আনিসুর রহমান আখতার, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য এপিএ টিম, বাটুবি। | সদস্য |
| ৪. এম এস মমতাজ বেগম, উপ-পরিচালক (মনিটরিং), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য এপিএ টিম, বাটুবি। | সদস্য |

উক্ত কমিটি প্রগোদনা প্রদানের নিমিত্তে বিভিন্ন ক্রাইটেরিয়া, কোন কোন পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে কী কী বিষয় বিবেচনা করে প্রগোদনা প্রদান করা যেতে পারে এ বিষয়ে একটি গাইড লাইন প্রস্তুত করে রেজিস্ট্রার, বাটুবি ও টিম-লিডার, এপিএ টিম, বাটুবির নিকট জমা দিবেন।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

Md. Muktadir
১৪১০৬/২০২২

নাজনীন আখতার

যুগ্ম পরিচালক (কাউন্সিল)

ও

ফোকাল পয়েন্ট, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

Md. Muktadir
১৪১০৬/২০২২

ড. মহাব শফিকুল আলম

রেজিস্ট্রার

এবং

টিম লিডার, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।